

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৩৫

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ বিপদাপদের মাধ্যমে পরীক্ষা করা হলে, সেসময় কোন নারী কর্তৃক অপরাপর নারীদেরকে কান্নায়
সহযোগিতা করার ব্যাপারে নিষেধাঞ্জা

ذِكْنُ الزَّجْرِ عَنْ إِسْعَادِ الْمَرْأَةِ النِّسَاءَ عَلَى الْبُكَاءِ عِنْدَ مُصِيبَةٍ يُمْتَحَنُ بِهَا

আরবী

3135 = أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنْ عَاصِمٍ عَنْ حَفْصَةَ: عَنْ أُمِّ عَطِيَّةَ قَالَتْ: لَمَّا نَزَلَتْ {إِذَا جَاءَكَ الْمُؤْمِنَاتُ يُبَايِعْنَك} [الممتحنة: 12] إِلَى قَوْلِهِ: {وَلَا يَعْصِينَكَ فِي مَعْرُوف} [الممتحنة: 12] عَلْ اللَّهِ إِلَّا آلَ فُلَانٍ فإنهم قد كانوا أسعدوني 12] قَالَتْ: كَانَ مِنْهُ النِّيَاحَةُ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِلَّا آلَ فُلانٍ فإنهم قد كانوا أسعدوني في الجاهلية فلا بد لِي مِنْ أَنْ أُسْعِدَهُمْ فَقَالَ: (إِلَّا آلَ فلان) الراوي : أُمُّ عَطِيَّةَ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3135 ا خلاصة حكم المحدث: صحيح = ((صحيح النسائي)) الصفحة أو الرقم: 3135 ا خلاصة حكم المحدث: صحيح = ((صحيح النسائي))

বাংলা

৩১৩৫. উম্মু আতিয়াহ রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "যখন এই আয়াত অবতীর্ণ হয়, غَانِي الْمُوْمِنَاتُ يُبَايِعِنَكَ (যখন মুমিনা নারীগণ বাইয়াত করার জন্য আপনার কাছে আসে ...। -সূরা মুমতাহিনাহ: ১২) এই পর্যন্ত مِلَا يَعْصِينَكَ فِي مَعْرُوف (আর তারা সৎ কাজে আপনার অবাধ্য হবে না। -সূরা মুমতাহিনাহ: ১২), উম্মু আতিয়়াহ রাদিয়াল্লাহু আনহা বলেন, "বিলাপ করার বিষয়টিও এর অন্তর্ভুক্ত ছিল। তখন আমি বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, ওমুক পরিবার ব্যতীত। কেননা তারা জাহেলী যুগে আমার কাঁদার কাজে সহযোগিতা করেছিল। কাজেই আমাকে অবশ্যই তাদের সহযোগিতা করতে হবে।" তখন তিনি বলেন, "ঠিক আছে, ঐ পরিবার বাদে।"[1]



ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৮৯; মুসনাদ আহমাদ: ৬/৪০৭; সহীহ মুসলিম: ৯৩৬; তাবারানী: ২৫/১৩৬; হাকিম: ১/৩৮৩; সহীহুল বুখারী: ৪৮৯২; সুনান বাইহাকী: ৪/৬২; নাসাঈ: ৭/১৪৮-১৪৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আন নাসাঈ: ৩৮৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু আতিয়্যাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন